# বাংলাদেশ বিমান বাহিনীতে
# অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন

বাংলার আকাশ রাখিব মুক্ত

## শিক্ষাগত যোগ্যতা

| শাখা | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান | GCE 'ও' এবং 'এ' লেভেল |
|---|---|---|
| জিডি(পি) | উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'। | 'ও' লেভেলে পদার্থ ও গণিতসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'বি'। |
| ইঞ্জিনিয়ারিং | উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় চতুর্থ বিষয় ব্যতীত ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং পদার্থ, রসায়ন ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড- 'এ'। | 'ও' লেভেলে পদার্থ, রসায়ন ও গণিতসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ, রসায়ন ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড- 'বি'। |
| লজিস্টিক/এটিসি/এডিডব্লিউসি/মিটিওরলজি | উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'। | 'ও' লেভেলে পদার্থ ও গণিতসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'বি'। |
| | লজিস্টিক/এটিসি/এডিডব্লিউসি/মিটিওরলজি প্রার্থীদের শাখা এক বছর প্রশিক্ষণ শেষে নির্ধারণ করা হবে। | |
| এডমিন | উভয় পরীক্ষায় যে কোনো শাখায় ন্যূনতম জিপিএ ৪.৫০। | 'ও' লেভেলে কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে ২টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি'। |

## অন্যান্য যোগ্যতা

নাগরিকত্ব : বাংলাদেশি নাগরিক।
বৈবাহিক অবস্থা : অবিবাহিত/অবিবাহিতা (বিপত্নীক/বিধবা/বিবাহ বিচ্ছেদকারী/তালাকপ্রাপ্ত নয়)।
বয়স : ১৬ বছর ৬ মাস হতে ২২ বছর (২০ ডিসেম্বর ২০২৬ তারিখে), বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়।
উচ্চতা : পুরুষ প্রার্থী : কমপক্ষে ৬৪ ইঞ্চি।
মহিলা প্রার্থী: জিডি(পি) : কমপক্ষে ৬৩ ইঞ্চি, অন্যান্য শাখা: কমপক্ষে ৬২ ইঞ্চি।
বুকের মাপ : পুরুষ প্রার্থী : কমপক্ষে ৩২ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি।
মহিলা প্রার্থী: কমপক্ষে ২৮ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি।
ওজন : বয়স ও উচ্চতানুযায়ী।
চোখ : দু'চোখের দৃষ্টিশক্তি: জিডি(পি)-৬/৬, এটিসি ও এডিডব্লিউসি-৬/১২ এবং ইঞ্জিনিয়ারিং, লজিস্টিক, এডমিন ও মিটিওরলজি-৬/৩৬ পর্যন্ত।

## প্রার্থীর জন্য অযোগ্যতা/অন্যান্য শর্তাবলী

১। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা অন্য কোনো সরকারি চাকরি হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় অবসর গ্রহণ;
২। আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি) এ দু'বার স্ক্রীন্ড-আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার স্ক্রীন্ড-আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবে);
৩। যে কোনো ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত;
৪। সিএমবি অথবা আপীল মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রত্যাখ্যাত;
৫। প্রার্থীর বয়স ১৮ বছর হওয়ার পূর্বে ল্যাসিক (LASIK) করা হলে গ্রহণযোগ্য নয়। ১৮ বছর বয়সের পর ল্যাসিক করা হলে, ল্যাসিক অপারেশনের তারিখ হতে চিকিৎসা/স্বাস্থ্য পরীক্ষার তারিখের মধ্যে জিডি(পি) শাখার জন্য ১ বছর এবং অন্যান্য শাখার জন্য ন্যূনতম ৬ (ছয়) মাস অতিবাহিত হতে হবে।
৬। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

## বিশেষ সুযোগ-সুবিধা

প্রশিক্ষণকালীন অফিসার ক্যাডেটদের মাসিক বেতন ১০,০০০.০০ টাকা এবং প্রশিক্ষণ শেষে পদবি অনুসারে সরকার কর্তৃক জারিকৃত বেতন ও ভাতাদি প্রাপ্ত হবেন।

## প্রশিক্ষণ/কমিশন

বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ১০ সপ্তাহসহ বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে ৩ বছর মেয়াদি প্রশিক্ষণ শেষে 'ফ্লাইং অফিসার' পদবিতে নিয়মিত কমিশন প্রদান করা হবে। কমিশনপ্রাপ্তির পরবর্তী ১ বছরসহ মোট ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি প্রদান করা হবে।

## প্রশিক্ষণ শেষে অর্জিত ডিগ্রি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর অধীনে বিএসসি (সম্মান) অ্যারোনটিক্স/বিবিএ/ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন।

(পরীক্ষার তারিখ বর্ধিতকরণ)

## ৯৫ বিএএফএ কোর্স
## (95 BAFA COURSE)

### যোগদানের সম্ভাব্য তারিখ: ২০ ডিসেম্বর ২০২৬

## হুঁশিয়ারি

- ভর্তির বিষয়ে কোন অসৎ ব্যক্তির সাথে যোগাযোগ বা আর্থিক লেনদেন করে প্রতারিত হবেন না।
- বিমান বাহিনীতে ভর্তি প্রক্রিয়ায় কোন প্রকার সুপারিশ বা অবৈধ লেনদেন দ্বারা সফলতা পাওয়ার সুযোগ নেই।
- যে কোনো সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

## অফিসার ক্যাডেট হিসেবে ভর্তি পরবর্তী সুবিধাদি:

**ক্যারিয়ার:** বৈমানিক হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ। এছাড়াও ইঞ্জিনিয়ারিং অফিসার, লজিস্টিক অফিসার, এডমিন অফিসার, এয়ার ট্রাফিক কন্ট্রোলার, এয়ার ডিফেন্স উইপন কন্ট্রোলার এবং আবহাওয়াবিদ হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ।
**বিদেশে প্রশিক্ষণ:** প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে মেধাবী অফিসার ক্যাডেটদের এবং কমিশনপ্রাপ্তির পর অফিসারগণের পেশাগত প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।
**উচ্চ শিক্ষা সুবিধা:** বিমান বাহিনীর তত্ত্বাবধানে অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি বাংলাদেশ, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-সহ দেশে/বিদেশে মাস্টার্স ও পিএইচডিসহ উচ্চতর শিক্ষা অর্জনের সুযোগ।
**জাতিসংঘ মিশন:** জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণের সুযোগ।
**বাংলাদেশ দূতাবাস:** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে সামরিক/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ।
**বাসস্থান ও রেশন:** নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্মত, সুসজ্জিত বাসস্থান এবং ভর্তুকি মূল্যে রেশনপ্রাপ্তির সুযোগ।
**সন্তানদের অধ্যয়ন:** সন্তানদের যোগ্যতার ভিত্তিতে অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি বাংলাদেশ, বিইউপি, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, এমআইএসটি, ক্যাডেট কলেজ ও বিমান বাহিনী পরিচালিত বিএএফ শাহীন কলেজে (বাংলা ও ইংলিশ ভার্সন) এবং ইংলিশ মিডিয়াম (ব্রিটিশ কারিকুলাম) এ অধ্যয়নের সুযোগ।
**যাতায়াত:** বিমান বাহিনীর এক ঘাঁটি থেকে অন্য ঘাঁটিতে সপরিবারে বিমান বা হেলিকপ্টারযোগে যাতায়াতের সুযোগ।
**গাড়ি ঋণ ও ডিওএইচএস প্লট:** শর্তসাপেক্ষে সুদমুক্ত গাড়ি ঋণ ও ডিওএইচএস-এ প্লটপ্রাপ্তির সুযোগ।
**চিকিৎসা:** সামরিক হাসপাতালে নিজ, স্ত্রী/স্বামী ও সন্তানদের উন্নত চিকিৎসা; প্রয়োজনে আর্থিক সহায়তা প্রদানসহ বিদেশে চিকিৎসার সুযোগ। পাশাপাশি সামরিক হাসপাতালে পিতা, মাতা, শ্বশুর ও শাশুড়ির উন্নত চিকিৎসার সুযোগ রয়েছে।
**শাখা পরিবর্তনের সুযোগ:** উড্ডয়নে অকৃতকার্য প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী শূন্যপদ সাপেক্ষে অন্যান্য শাখায় কমিশনপ্রাপ্তির সুযোগ।



শর্ত প্রযোজ্য: বিমান বাহিনী কর্তৃপক্ষ সকল নিয়ম ও শর্ত পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

## নির্বাচন পদ্ধতি

১। প্রাথমিক লিখিত পরীক্ষা: আইকিউ, ইংরেজি, গণিত ও পদার্থ। শুধুমাত্র এডমিন শাখার জন্য: আইকিউ, ইংরেজি ও সাধারণ জ্ঞান; ২। প্রাথমিক ডাক্তারি পরীক্ষা; ৩। প্রাথমিক মৌখিক পরীক্ষা; ৪। আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি); ৫। কেন্দ্রীয় চিকিৎসা পর্ষদ (সিএমবি) কর্তৃক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা; ৬। ক্যাডেট চূড়ান্ত নির্বাচন পর্ষদ (সিএফএসবি)।
বিঃ দ্রঃ পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর, ঘড়ি ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ।

## অনলাইনে আবেদনের নিয়মাবলী

সরাসরি https://joinairforce.baf.mil.bd ওয়েবসাইটে 'Apply Now'-এ ক্লিক করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করে নির্ধারিত ফি পরিশোধ করা হলে রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। কেবলমাত্র বিমান সদর কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট কিছু কলেজের শিক্ষার্থীরা শুধুমাত্র প্রথমবার আবেদনের ক্ষেত্রে বিনামূল্যে আবেদন করতে পারবেন। এজন্য প্রথমে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের নম্বর প্রদানপূর্বক 'Eligible for Application Without Payment' অপশনটি 'Yes' নির্বাচন করে কলেজের নাম নির্বাচন করতে হবে। রেজিস্ট্রেশন ফি প্রদানপূর্বক আবেদনকারীগণ তাদের কলেজের নাম নির্ধারিত স্থানে টাইপ করে প্রদান করবেন। আবেদনকারীকে এই বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত পরীক্ষার তারিখসমূহের মধ্যে যেকোনো একটি তারিখ নির্বাচন করে আবেদন করতে হবে (ক্যাডেট কলেজ ও MCSK এর জন্য প্রযোজ্য নয়)। কোন প্রার্থী নির্বাচিত তারিখে উপস্থিত হতে অপারগ হলে বিষয়টি পূর্বেই সরাসরি পরীক্ষা কেন্দ্রে জানিয়ে পরীক্ষা গ্রহণের জন্য নির্ধারিত পরবর্তী যেকোন দিন ঢাকা কেন্দ্রে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ডের মাধ্যমে 'Login' করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। পূরণকৃত আবেদনপত্র চূড়ান্তভাবে 'Submit' করার পূর্বে আবেদনকারীগণ নিরীক্ষণের সুযোগ পাবেন এবং কেবলমাত্র আবেদনপত্রে প্রদানকৃত তথ্যসমূহের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হলেই তা চূড়ান্তভাবে 'Submit' করবেন। চূড়ান্তভাবে আবেদনপত্রটি 'Submit' করা হলে আবেদনকারীগণ আবেদনপত্র ও প্রবেশপত্র 'Download' করতে পারবেন। কোনো আবেদনকারী মোবাইল নম্বরে ইউজার আইডি ও পাসওয়ার্ড না পেলে ২৪ ঘন্টার মধ্যে তা helpdesk@baf.mil.bd -এ আবেদনের জন্য ব্যবহৃত ইমেইল এড্রেস হতে পেমেন্ট ইনভয়েসের কপি/প্রমাণসহ ইমেইল করে জানাতে হবে। উক্ত আবেদনপত্র প্রাথমিক লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখে ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপিসহ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে জমা দিতে হবে।

**অনলাইনে আবেদনের সময়সীমা: ০৪ আগস্ট ২০২৬ থেকে ১৩ সেপ্টেম্বর ২০২৬।**
**(০৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখের পরীক্ষার্থীগণ ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত এবং ১৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখের পরীক্ষার্থীগণ ১৩ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত আবেদন করতে পারবেন)**

## আবেদনপত্র জমাদানের নিয়মাবলী

প্রার্থীদের আবেদনপত্র সঠিকভাবে পূরণ করত: পরীক্ষার সময় ইতঃপূর্বে ইস্যুকৃত প্রবেশপত্র ও নিম্নবর্ণিত সনদসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে:
১। সকল শিক্ষাগত যোগ্যতার সাময়িক সনদ, প্রশংসাপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
২। নাগরিকত্ব, চারিত্রিক সনদ (বৈবাহিক অবস্থা উল্লেখপূর্বক) জমা দিতে হবে। উক্ত সনদ স্ব স্ব ইউনিয়ন পরিষদ/মিউনিসিপ্যাল চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে আনতে হবে। উক্ত সনদের সাথে সনাক্তকারীর মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে;
৩। সদ্য তোলা ১২ কপি পাসপোর্ট এবং ০৪ কপি স্ট্যাম্প আকারের সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট)। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে কানসহ সম্পূর্ণ মুখমন্ডল প্রদর্শিত ছবি হতে হবে;
৪। বর্তমান অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
৫। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
৬। খেলাধুলা/অন্যান্য যেকোন বিষয়ে কৃতিত্বের সনদ থাকলে তার সত্যায়িত ফটোকপি;
৭। দাবীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

**২০২৬ সালের এইচএসসি পরীক্ষার্থীরা আবেদন করতে পারবেন।**

| পরীক্ষা কেন্দ্র (সকল জেলা) | লিখিত পরীক্ষা |
|---|---|
| ১। ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম। | ০৪ সেপ্টেম্বর ২০২৬ |
| ২। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, খুলনা। | |
| ৩। বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা। | ১৮ সেপ্টেম্বর ২০২৬ |
| ৪। শিশু নিকেতন প্রাইমারি ও উচ্চ বিদ্যালয়, বরিশাল। | |
| ৫। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর। | |

শুধুমাত্র ০৪ ও ১৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখের পরীক্ষা গ্রহণের দিন সকাল ০৯০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা: লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা এবং স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষার সময়সূচী লিখিত পরীক্ষার ৭ দিনের মধ্যে https://joinairforce.baf.mil.bd এবং https://baf.mil.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকায় চলমান নিয়মিত লিখিত পরীক্ষার তারিখ: ৪, ৬, ৯, ১১, ১৩, ১৬, ১৮, ২০, ২৩, ২৫, ২৭ ও ৩০ আগস্ট ২০২৬।
১, ৩, ৬, ৮, ১০, ১৩, ১৫ ও ১৭ সেপ্টেম্বর ২০২৬।

পরীক্ষা গ্রহণের দিন সকাল ০৮০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

**সরকারি স্বাস্থ্যবিধি মেনে সকল পরীক্ষা গ্রহণ করা হবে।**

রিক্রুটমেন্ট পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

বিস্তারিত তথ্য ও অনলাইন আবেদনের জন্য: https://joinairforce.baf.mil.bd, Help Desk: 01769-990880 (8 AM-2.30 PM), Email: helpdesk@baf.mil.bd
Follow us: facebook.com/BDAirForceOfficial, facebook.com/JoinBDAirForce, youtube.com/@Join.BangladeshAirForce, tiktok.com/@joinbangladeshairforce



# বাংলাদেশ বিমান বাহিনীতে
# অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন





**ইঞ্জিনিয়ারিং, লজিস্টিক, এডমিন, এটিসি, এডিডব্লিউসি, লিগ্যাল, ফিন্যান্স ও মেটিওরোলজি শাখায় স্বল্পমেয়াদী কমিশন (DE 2027A) এবং শিক্ষা শাখায় বিশেষ স্বল্পমেয়াদী কমিশন (SPSSC 2027A) কোর্স**

## শিক্ষাগত যোগ্যতা

| | |
|---|---|
| ইঞ্জিনিয়ারিং | মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় চতুর্থ বিষয় ব্যতীত পদার্থ, গণিত ও রসায়নে ন্যূনতম লেটার গ্রেড 'এ' সহ জিপিএ ৪.৫০ থাকতে হবে। অথবা GCE 'ও' লেভেলে পদার্থ, গণিত ও রসায়নসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম গ্রেড 'বি' এবং GCE 'এ' লেভেল পরীক্ষায় পদার্থ, গণিত ও রসায়নে ন্যূনতম লেটার গ্রেড 'বি' থাকতে হবে।<br>যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্র প্রকৌশল/অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (এ্যারোস্পেস)/তড়িৎ ও ইলেক্ট্রনিক্স প্রকৌশল/তড়িৎ, ইলেক্ট্রনিক্স ও কমিউনিকেশন প্রকৌশল/ইলেক্ট্রনিক্স ও টেলিকমিউনিকেশন প্রকৌশল/অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (অ্যাভিওনিক্স)/ইলেক্ট্রনিক্স ও কমিউনিকেশন প্রকৌশল/ কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল/ ইলেক্ট্রনিক্স ও কম্পিউটার প্রকৌশল/রসায়ন প্রকৌশলে ৪.০০ এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.০০ সহকারে ন্যূনতম স্নাতক প্রকৌশল ডিগ্রির অধিকারী হতে হবে। |
| লজিস্টিক | মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং উভয় পরীক্ষায় পদার্থ ও গণিতে ন্যূনতম লেটার গ্রেড 'এ' থাকতে হবে। **অথবা**, GCE 'ও' লেভেলে পদার্থ ও গণিতসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম 'বি' এবং GCE 'এ' লেভেল পরীক্ষায় পদার্থ ও গণিতে ন্যূনতম 'বি' গ্রেড থাকতে হবে।<br>যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.০০ সহকারে ন্যূনতম বিএসসি ডিগ্রির অধিকারী হতে হবে। |
| এডমিন (কৃষিবিদ) | মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় ৪.৫০ এবং উভয় পরীক্ষায় পদার্থ, গণিত ও রসায়নে ন্যূনতম লেটার গ্রেড 'এ' থাকতে হবে।<br>**অথবা**<br>GCE 'ও' লেভেল পরীক্ষায় পদার্থ, গণিত ও রসায়নসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম 'বি' এবং GCE 'এ' লেভেল পরীক্ষায় পদার্থ, গণিত ও রসায়নে ন্যূনতম লেটার গ্রেড 'বি' থাকতে হবে।<br>যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞানে ৪.০০ এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.০০ সহকারে ন্যূনতম কৃষিতে বিএসসি ডিগ্রির (বিএসসি ইন এগ্রিকালচার) অধিকারী হতে হবে। |
| এটিসি/ এডিডব্লিউসি/ মেটিওরোলজি | মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় পদার্থ ও গণিতে ন্যূনতম লেটার গ্রেড 'এ' সহ জিপিএ ৪.৫০ থাকতে হবে। অথবা GCE 'ও' লেভেলে পদার্থ ও গণিতসহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম গ্রেড 'বি' এবং GCE 'এ' লেভেল পরীক্ষায় পদার্থ ও গণিতে ন্যূনতম গ্রেড 'বি' থাকতে হবে।<br>যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসিতে পদার্থ অথবা গণিতসহ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |
| লিগ্যাল | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে অনার্স ও মাস্টার্স এ সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |
| ফিন্যান্স | মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় গণিত অথবা হিসাব বিজ্ঞানে ন্যূনতম লেটার গ্রেড 'এ' সহ জিপিএ ৪.৫০ থাকতে হবে। অথবা GCE 'ও' লেভেলে গণিত অথবা হিসাব বিজ্ঞানসহ কমপক্ষে ৫টি বিষয়ে নূন্যতম গ্রেড 'বি' এবং GCE 'এ' লেভেল পরীক্ষায় গণিত অথবা হিসাব বিজ্ঞানসহ কমপক্ষে দুইটি বিষয়ে ন্যূনতম গ্রেড 'বি' থাকতে হবে।<br>যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ব্যাচেলর অব কমার্স-এ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |
| শিক্ষা (পদার্থবিজ্ঞান, ইংরেজি, সমাজবিজ্ঞান ও সাইকোলজি) | যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/ইংরেজি/সমাজবিজ্ঞান/সাইকোলজি বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রিতে ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |

## অন্যান্য যোগ্যতা

নাগরিকত্ব : বাংলাদেশি নাগরিক।
বৈবাহিক অবস্থা : অবিবাহিত/বিবাহিত।
বয়স : ২০ ডিসেম্বর ২০২৬ তারিখে- (ক) ২০ থেকে ৩০ বছর (DE 2027A কোর্সের প্রার্থীদের জন্য)।
(খ) ২১ থেকে ৩৫ বছর (SPSSC 2027A কোর্সের প্রার্থীদের জন্য)।
বিঃদ্রঃ বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়।
উচ্চতা : পুরুষ প্রার্থী : কমপক্ষে ৬৪ ইঞ্চি।
মহিলা প্রার্থী : কমপক্ষে ৬২ ইঞ্চি।
বুকের মাপ : পুরুষ প্রার্থী : কমপক্ষে ৩২ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি।
মহিলা প্রার্থী : কমপক্ষে ২৮ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি।
ওজন : বয়স ও উচ্চতানুযায়ী।
চোখ : দু'চোখের দৃষ্টিশক্তি: এটিসি ও এডিডব্লিউসি শাখা- ৬/১২ এবং ইঞ্জিনিয়ারিং, লজিস্টিক, এডমিন, শিক্ষা, লিগ্যাল, ফিন্যান্স ও মেটিওরোলজি শাখা- ৬/৩৬ পর্যন্ত।

## হুঁশিয়ারি

- ভর্তির বিষয়ে কোন অসৎ ব্যক্তির সাথে যোগাযোগ বা আর্থিক লেনদেন করে প্রতারিত হবেন না।
- বিমান বাহিনীতে ভর্তি প্রক্রিয়ায় কোন প্রকার সুপারিশ বা অবৈধ লেনদেন দ্বারা সফলতা পাওয়ার সুযোগ নেই।
- যে কোনো সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

## বিশেষ যোগ্যতা

অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

## প্রার্থীর জন্য অযোগ্যতা/অন্যান্য শর্তাবলী

১। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা অন্য কোনো সরকারি চাকরি হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় অবসর গ্রহণ।
২। বিগত পাঁচ বছরের মধ্যে আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি) পরীক্ষায় দু'বার স্ক্রীন্ড-আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার স্ক্রীন্ড-আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবে)।
৩। এসপিএসএসসি এর ক্ষেত্রে বিমান বাহিনীর বিশেষ নির্বাচন পর্ষদ (এসএসবি) পরীক্ষায় পূর্বে দু'বার প্রত্যাখ্যাত/অনুত্তীর্ণ।
৪। যে কোনো ফৌজদারি অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।
৫। সিএমবি অথবা আপীল মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রত্যাখ্যাত।
৬। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

## অফিসার ক্যাডেট হিসেবে ভর্তি পরবর্তী সুবিধাদি

**বেতন ও ভাতা:** প্রশিক্ষণকালীন অফিসার ক্যাডেটগণ মাসিক বেতন ১০,০০০.০০ টাকা এবং প্রশিক্ষণ শেষে পদবি অনুসারে সরকার কর্তৃক জারিকৃত বেতন ও ভাতাদি প্রাপ্ত হবেন।
**বিদেশে প্রশিক্ষণ:** প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে মেধাবী অফিসার ক্যাডেটদের এবং কমিশন প্রাপ্তির পর অফিসারগণের পেশাগত প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।
**উচ্চ শিক্ষা সুবিধা:** বিমান বাহিনীর তত্ত্বাবধানে অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি বাংলাদেশ, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-সহ দেশে/বিদেশে মাস্টার্স ও পিএইচডি-সহ উচ্চতর শিক্ষা অর্জনের সুযোগ।
**জাতিসংঘ মিশন:** জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণের সুযোগ।
**বাংলাদেশ দূতাবাস:** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে সামরিক/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ।
**বাসস্থান ও রেশন:** নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্মত, সুসজ্জিত বাসস্থান এবং ভর্তুকি মূল্যে রেশন প্রাপ্তির সুযোগ।
**সন্তানদের অধ্যয়ন:** সন্তানদের যোগ্যতার ভিত্তিতে অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি বাংলাদেশ, বিইউপি, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, এমআইএসটি, ক্যাডেট কলেজ ও বিমান বাহিনী পরিচালিত বিএএফ শাহীন কলেজে (বাংলা ও ইংলিশ ভার্সন) এবং ইংলিশ মিডিয়াম (ব্রিটিশ কারিকুলাম) এ অধ্যয়নের সুযোগ।
**যাতায়াত:** বিমান বাহিনীর এক ঘাঁটি থেকে অন্য ঘাঁটিতে সপরিবারে বিমান বা হেলিকপ্টারযোগে যাতায়াতের সুযোগ।
**গাড়ি ঋণ ও ডিওএইচএস প্লট:** শর্তসাপেক্ষে সুদমুক্ত গাড়ি ঋণ ও ডিওএইচএস-এ প্লট প্রাপ্তির সুযোগ।
**চিকিৎসাঃ** সামরিক হাসপাতালে নিজ, স্ত্রী ও সন্তানদের উন্নত চিকিৎসা; প্রয়োজনে আর্থিক সহায়তা প্রদানসহ বিদেশে চিকিৎসার সুযোগ। পাশাপাশি সামরিক হাসপাতালে পিতা, মাতা, শ্বশুর ও শাশুড়ির উন্নত চিকিৎসার সুযোগ রয়েছে।

## প্রশিক্ষণ/কমিশন

১। বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে ৬ মাস প্রশিক্ষণ শেষে স্বল্পমেয়াদী (DE) কোর্সে সরাসরি 'ফ্লাইং অফিসার' এবং বিশেষ স্বল্পমেয়াদী কমিশন (SPSSC) কোর্সে সরাসরি 'ফ্লাইট লেফটেন্যান্ট' পদে নিয়মানুযায়ী আগাম প্রবীণতা সহকারে কমিশন প্রদান করা হবে।
২। কমিশন প্রাপ্তির পর ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে এককালীন ৫৯,১৫০/- টাকা এবং বিশেষ স্বল্পমেয়াদী কমিশন কোর্সের ক্ষেত্রে এককালীন ৪২,২৫০/- টাকা বিশেষ ভাতা (থোক অনুদান) প্রদান করা হবে।

**শর্ত প্রযোজ্য: বিমান বাহিনী কর্তৃপক্ষ সকল নিয়ম ও শর্ত পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।**

## যোগদানের সম্ভাব্য তারিখ: ২০ ডিসেম্বর ২০২৬

## নির্বাচন পদ্ধতি

১। প্রাথমিক লিখিত পরীক্ষাঃ ইঞ্জিনিয়ারিং/লজিস্টিক/এটিসি/এডিডব্লিউসি/মেটিওরোলজি শাখার জন্য আইকিউ, ইংরেজি, গণিত ও পদার্থ; এডমিন/শিক্ষা/লিগ্যাল শাখার জন্য আইকিউ, ইংরেজি ও সাধারণ জ্ঞান; ফিন্যান্স শাখার জন্য আইকিউ, ইংরেজি ও বিজনেস স্টাডিজ; ২। প্রাথমিক ডাক্তারি পরীক্ষা; ৩। প্রাথমিক মৌখিক পরীক্ষা; ৪। আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি)/এসএসবি; ৫। কেন্দ্রীয় চিকিৎসা পর্ষদ (সিএমবি) কর্তৃক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা; ৬। ক্যাডেট চূড়ান্ত নির্বাচন পর্ষদ (সিএফএসবি)।

বিঃ দ্রঃ পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর, ঘড়ি ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ।

## অনলাইনে আবেদনের নিয়মাবলী

সরাসরি https://joinairforce.baf.mil.bd ওয়েবসাইটে 'Apply Now'-এ ক্লিক করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করে নির্ধারিত ফি পরিশোধ করা হলে রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। আবেদনকারীকে বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত পরীক্ষার তারিখসমূহের মধ্যে যেকোনো একটি তারিখ নির্বাচন করে আবেদন করতে হবে। কোন প্রার্থী নির্বাচিত তারিখে উপস্থিত হতে অপারগ হলে পরীক্ষা গ্রহণের জন্য নির্ধারিত পরবর্তী যেকোন দিন উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি পরীক্ষা কেন্দ্রে জানাতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ডের মাধ্যমে 'Login' করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। পূরণকৃত আবেদনপত্র চূড়ান্তভাবে 'Submit' করার পূর্বে আবেদনকারীগণ নিরীক্ষণের সুযোগ পাবেন এবং কেবলমাত্র আবেদনপত্রে প্রদানকৃত তথ্যসমূহের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হলেই তা চূড়ান্তভাবে 'Submit' করবেন। চূড়ান্তভাবে আবেদনপত্রটি 'Submit' করা হলে আবেদনকারীগণ আবেদনপত্র ও প্রবেশপত্র 'Download' করতে পারবেন। কোনো আবেদনকারী মোবাইল নম্বরে ইউজার আইডি ও পাসওয়ার্ড না পেলে ২৪ ঘন্টার মধ্যে তা helpdesk@baf.mil.bd -এ আবেদনের জন্য ব্যবহৃত ইমেইল এড্রেস হতে পেমেন্ট ইনভয়েসের কপি/প্রমাণসহ ইমেইল করে জানাতে হবে। উক্ত আবেদেনপত্র প্রাথমিক লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখে ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপিসহ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে জমা দিতে হবে।

**অনলাইনে আবেদনের সময়সীমাঃ ০৩ আগস্ট ২০২৬ থেকে ১৩ সেপ্টেম্বর ২০২৬। * শর্ত প্রযোজ্য**

## আবেদনপত্র জমাদানের নিয়মাবলী

প্রার্থীদের আবেদনপত্র সঠিকভাবে পূরণ করতঃ পরীক্ষার সময় ইতঃপূর্বে ইস্যুকৃত প্রবেশপত্র ও নিম্নবর্ণিত সনদসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে:
১। সকল শিক্ষাগত যোগ্যতার সাময়িক সনদ, প্রশংসাপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
২। নাগরিকত্ব, চারিত্রিক সনদ (বৈবাহিক অবস্থা উল্লেখপূর্বক) জমা দিতে হবে। উক্ত সনদ স্ব স্ব ইউনিয়ন পরিষদ/ মিউনিসিপ্যাল চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে আনতে হবে। উক্ত সনদের সাথে সনাক্তকারীর মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে;
৩। সদ্য তোলা ১২ কপি পাসপোর্ট এবং ০৪ কপি স্ট্যাম্প আকারের সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট)। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে কানসহ সম্পূর্ণ মুখমন্ডল প্রদর্শিত ছবি হতে হবে;
৪। বর্তমান অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
৫। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব কর্মস্থল/প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রার্থীতার জন্য অনুমতিপত্র।
৬। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৭। দাবীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

| পরীক্ষার তারিখ | পরীক্ষা কেন্দ্র |
|---|---|
| ০৯, ১১, ১৩, ১৬, ১৮, ২০, ২৩, ২৫, ২৭ ও ৩০ আগস্ট ২০২৬ এবং ০১, ০৩, ০৬, ০৮, ১০, ১৩, ১৫ ও ১৭ সেপ্টেম্বর ২০২৬। | সকল জেলার প্রার্থীদের জন্য:<br>বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। |

**পরীক্ষা গ্রহণের দিন সকাল ০৮০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।**

**সরকারি স্বাস্থ্যবিধি মেনে সকল পরীক্ষা গ্রহণ করা হবে।**

রিক্রুটমেন্ট পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

বিস্তারিত তথ্য ও অনলাইন আবেদনের জন্য: https://joinairforce.baf.mil.bd, Help Desk: 01769-990880 (8 AM-2.30 PM), Email: helpdesk@baf.mil.bd
Follow us: facebook.com/BDAirForceOfficial, facebook.com/JoinBDAirForce, youtube.com/@Join.BangladeshAirForce, tiktok.com/@joinbangladeshairforce